গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিচালক, কৃষি তথ্য সার্ভিস

এবং

সচিব, কৃষি মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৩ - জুন ৩০, ২০২৪

## সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ............ ৩

প্রস্তাবনা ............ ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ............ ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ............ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ............ ৮

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ............ ১৩

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ............ ১৪

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ............ ১৬

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ............ ১৭

# দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

কৃষি বিষয়ক তথ্য ও প্রযুক্তি গণমাধ্যমের সহায়তায় কৃষক, সম্প্রসারণকর্মীসহ সংশ্লিষ্ট উপকারভোগীর কাছে সময়মতো পৌছে দেয়া কৃষি তথ্য সার্ভিসের প্রধান দায়িত্ব। ৪৯৯টি কৃষি তথ্য ও যোগাযোগ কেন্দ্র থেকে প্রতিদিন গড়ে ১৫-২০ জন মানুষ প্রতিটি কেন্দ্র থেকে তথ্য সেবা গ্রহণ করছেন। বরগুনা জেলার আমতলীতে প্রতিষ্ঠিত কমিউনিটি রুরাল রেডিও থেকে প্রতিদিন ০৮ ঘণ্টা করে কৃষিবিষয়ক অনুষ্ঠান সম্প্রচারিত হচ্ছে। বিগত তিন বছরে প্রায় ২৩।৭১ লক্ষ মাসিক ‘কৃষিকথা’, প্রায় ৫৪ হাজার মাসিক ‘সম্প্রসারণ বার্তা’ এবং প্রায় ১৪।০৫ লক্ষ বিভিন্ন ধরনের মুদ্রণ সামগ্রী প্রকাশ ও বিতরণ করা হয়েছে। এছাড়াও বিবেচ্য সময়ে ৮৭টি কৃষি প্রযুক্তিভিত্তিক বিভিন্ন ফিল্ম/ফিলার/ডক্যুমেন্টারি প্রণয়ন ও গণমাধ্যমে সম্প্রচারের পাশাপাশি প্রায় ২৬৫০টি ভ্রাম্যমান চলচ্চিত্র প্রদর্শনী অনুষ্ঠিত হয়েছে। আলোচ্য সময়ে কৃষক, সম্প্রসারণকর্মী, গণমাধ্যমকর্মীসহ মোট ৪৯২১ জনকে ই-কৃষিসহ আধুনিক কৃষি প্রযুক্তিভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়াও কৃষি উৎপাদন প্রযুক্তির বিভিন্ন প্রকার ভিডিও কন্টেন্ট সম্বলিত একটি AISTube পোর্টাল (www.aistube.gov.bd ) নির্মাণ করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

কৃষি তথ্য সার্ভিসের সদর দপ্তরসহ মোট ১১টি আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে তথ্য সেবা বিতরণ করে থাকে। তবে উল্লিখিত আঞ্চলিক কার্যালয়ের মধ্যে নয়টি কার্যালয়ের অবকাঠামোগত স্বল্পতা/সীমাবদ্ধতার কারণে গুণগত সেবা প্রদান বাধাগ্রস্ত হচ্ছে। তাছাড়া সংস্থার রাজস্ব খাতভুক্ত জনবল মাত্র ২৪৩। অপ্রতুল জনবলের ফলে বিভিন্ন চাহিদামাফিক তথ্য সেবা বিতরণ ব্যাহত হচ্ছে।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

কৃষি তথ্য সার্ভিসের প্রেস ও ইলেকট্রনিক মিডিয়া শাখায় আধুনিক সরঞ্জামাদি সংযোজনের মাধ্যমে গুণগত মানসম্মত মুদ্রণ ও ভিডিও সামগ্রী তৈরি করা হবে। কৃষি তথ্য সার্ভিসের সাংগঠনিক কাঠামো পুনর্বিন্যাসের মাধ্যমে জনবল ও সম্পদ বাড়ানোর চলমান উদ্যোগকে বাস্তবায়নের প্রচেষ্টা চালানো হবে। কৃষি সম্পর্কিত উল্লেখযোগ্য জাতীয় ও আর্ন্তজাতিক দিবসসমূহ সাফল্যজনকভাবে উদযাপনের লক্ষ্যে কৃষি মন্ত্রণালয়াধীন বিভিন্ন প্রচার প্রকাশনা সহায়তা বৃদ্ধিকরণ অব্যাহত থাকবে। ৪র্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় কৃষি তথ্য সার্ভিসের কর্মকর্তা-কর্মচারিদের আইসিটি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে। কৃষি তথ্য সার্ভিস কর্তৃক নির্মিত কৃষি বিষয়ক ডক্যুমেন্টারি, মুদ্রণ সামগ্রী একটি নির্দিষ্ট স্থানে সংরক্ষণ করার জন্য ডিজিটাল আর্কাইভ নির্মাণ করা হবে। মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নির্দেশনা মোতাবেক বহুল প্রচারের জন্য “এক ইঞ্চি জমিও যেন অনাবাদী না থাকে” শীর্ষক টিভি বিজ্ঞাপন নির্মাণ করা হবে।

**২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ৩।৮ লক্ষ (পোস্টার/বুকলেট/লিফলেট/ফোল্ডার), ৬.৩০ লক্ষ কৃষিকথা, ১৮ হাজার সম্প্রসারণ বার্তা, ৭৫০০ হাজার কৃষি ডাইরি মুদ্রণ ও বিতরণ;
- কৃষি প্রযুক্তিভিত্তিক ২০টি ভিডিও ডক্যুমেন্টারি/ফিল্ম/ফিলার ইত্যাদি নির্মাণ ও প্রচার;
- কৃষি কল সেন্টারের মাধ্যমে ৪০৪০০ জনকে কৃষি তথ্য সেবা প্রদান করা হবে।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

পরিচালক, কৃষি তথ্য সার্ভিস

এবং

সচিব, কৃষি মন্ত্রণালয়-এর মধ্যে ২০২৩ সালের ................ মাসের ................ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

সহজলভ্য আধুনিক কৃষি তথ্য সেবা।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

প্রিন্ট, ইলেকট্রনিক, আইসিটি ও গণমাধ্যমের সহায়তায় কৃষিবিষয়ক তথ্য ও প্রযুক্তি সংশ্লিষ্ট উপকারভোগীদের কাছে সহজলভ্য করে জনসচেতনতা সৃষ্টি।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

১. ফসলের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি
২. কৃষি ভূসম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ
৩. মিডিয়া ভিত্তিক প্রচার প্রকাশনায় সহায়তা বৃদ্ধিকরণ
৪. কর্ম ব্যবস্থাপনায় পেশাদারিত্বের উন্নয়ন

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. কৃষিবিষয়ক আধুনিক তথ্য ও প্রযুক্তি নির্ভর বিভিন্ন মুদ্রণ সামগ্রী যেমন-মাসিক ‘কৃষিকথা’, মাসিক ‘সম্প্রসারণ বার্তা’, লিফলেট, বুকলেট, ফোল্ডার, পোস্টার ইত্যাদি প্রকাশ ও বিতরণ;
২. কৃষিবিষয়ক ভিডিও, ফিল্ম-ফিলার, টকশো, ডকুমেন্টারি তৈরি ও সম্প্রচার;
৩. বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারে কৃষিবিষয়ক অনুষ্ঠান নির্মাণ ও সম্প্রচারে কারিগরী সহায়তা প্রদান;
৪. প্রত্যন্ত অঞ্চলে গ্রামীণ জনগোষ্ঠীর মধ্যে সিনেমা শো আয়োজনের মাধ্যমে কৃষিবিষয়ক ভিডিও চলচ্চিত্র প্রদর্শন
৫. বিভিন্ন ই-কৃষিভিত্তিক সেবা কার্যক্রম যেমন-ওয়েবসাইট, ই-বুক, কল সেন্টার, কমিউনিটি রেডিও ইত্যাদির মাধ্যমে তথ্য সেবা প্রদান;
৬. প্রশিক্ষণ, সভা, সেমিনার, মেলা ইত্যাদি আয়োজনের মাধ্যমে দক্ষ জনবল সৃষ্টি ও সচেতনতা বৃদ্ধি।

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্হাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৪-২০২৫ | ২০২৫-২০২৬ | | |
| কৃষির আধুনিক তথ্য ও প্রযুক্তি বিস্তার | প্রকাশিত কৃষিকথা | সংখ্যা (লক্ষ) | ৭.৮০ | ৬.২০ | ৬.৩০ | ৬.৩৫ | ৬.৪০ | ডিএই | ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা: [] ফসলের উৎপাদনশীলতা ও উৎপাদন বৃদ্ধির মাধ্যমে খাদ্যের সহজলভ্যতা, খাদ্যের অধিকার ক্রয় ক্ষমতা বৃদ্ধি করা(পৃষ্ঠা ২৫৯) [] প্রিসিশন এগ্রিকালচার প্রবর্তন এবং সমালয় চাষ পদ্ধতি তথা সুসমন্বিত ফসল উৎপাদন ব্যবস্থাপনা, শারীরিক শ্রমের ব্যবহারহ্রাস এবং কৃষি যান্ত্রিকীকরণের মাধ্যমে ব্যয় সাশ্রয়ী চাষ পদ্ধতি চালু করা;(পৃষ্ঠা ২৫৯) [] প্রধান খাদ্যশস্যের পর্যাপ্ত উৎপাদন এবং খাদ্যশস্য বহির্ভূত ফসলের বৈচিত্রতা নিশ্চিতকরণ(পৃষ্ঠা ২৬২) [] মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও এসডিজি ইন্ডিগেটর 2.3 এর আওতায় |
| | প্রকাশিত সম্প্রসারণ বার্তা | সংখ্যা | ১৮০০০ | ১৮০০০ | ১৮০০০ | ১৯০০০ | ২০০০০ | ডিএই, নার্সভূক্ত বিভিন্ন গবেষনা প্রতিষ্ঠান | ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা: [] ফসলের উৎপাদনশীলতা ও উৎপাদন বৃদ্ধির মাধ্যমে খাদ্যের সহজলভ্যতা, খাদ্যের অধিকার ক্রয় ক্ষমতা বৃদ্ধি করা(পৃষ্ঠা ২৫৯) [] প্রিসিশন এগ্রিকালচার প্রবর্তন এবং সমালয় চাষ পদ্ধতি তথা সুসমন্বিত ফসল উৎপাদন ব্যবস্থাপনা, শারীরিক শ্রমের ব্যবহারহ্রাস এবং কৃষি যান্ত্রিকীকরণের মাধ্যমে ব্যয় সাশ্রয়ী চাষ পদ্ধতি চালু করা;(পৃষ্ঠা ২৫৯) [] প্রধান খাদ্যশস্যের পর্যাপ্ত উৎপাদন এবং খাদ্যশস্য বহির্ভূত ফসলের বৈচিত্রতা নিশ্চিতকরণ(পৃষ্ঠা ২৬২) [] মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও এসডিজি ইন্ডিগেটর 2.3 এর আওতায় |
| | নির্মিত স্পট ফিলার/ডকুমেন্টারি | সংখ্যা | ১২ | ১০ | ১০ | ১২ | ১৩ | ডিএই, নার্সভূক্ত বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠান | ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা: [] ফসলের উৎপাদনশীলতা ও উৎপাদন বৃদ্ধির মাধ্যমে খাদ্যের সহজলভ্যতা, খাদ্যের অধিকার ক্রয় ক্ষমতা বৃদ্ধি করা(পৃষ্ঠা ২৫৯) [] প্রিসিশন এগ্রিকালচার প্রবর্তন এবং সমালয় চাষ পদ্ধতি তথা সুসমন্বিত ফসল উৎপাদন ব্যবস্থাপনা, শারীরিক শ্রমের ব্যবহারহ্রাস এবং কৃষি যান্ত্রিকীকরণের মাধ্যমে ব্যয় সাশ্রয়ী চাষ পদ্ধতি চালু করা;(পৃষ্ঠা ২৫৯) [] প্রধান খাদ্যশস্যের পর্যাপ্ত উৎপাদন এবং খাদ্যশস্য বহির্ভূত ফসলের বৈচিত্রতা নিশ্চিতকরণ(পৃষ্ঠা ২৬২) [] মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও এসডিজি ইন্ডিগেটর 2.3 এর আওতায় |

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৃষি ক্ষেত্রে ভূ-উপরিস্থ পানিও সেচ ব্যবস্থাপনা সচেতনতা বৃদ্ধি | স্পট ফিলার | সংখ্যা | ৪ | ৪ | ৪ | ৫ | ৬ | ডিএই, নার্সভূক্ত বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠান | ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা□ ভূমি, পানি এবং অন্যান্য সম্পদের আরও দক্ষ ও সুষম ব্যবহারের মাধ্যমে টেকসই কৃষি প্রবৃদ্ধি নিশ্চিতকরণ এবং বিদ্যমান সেচ ব্যবস্থা ও সংশ্লিষ্ট অবকাঠামোগত উন্নয়নরে মাধ্যমে ভূগর্ভস্থ পানির ব্যবহার কমিয়ে এনে সেচ কাজে ভূপরিস্থিত পানিরব্যবহারে উৎসাহ প্রদান(পৃষ্ঠা ২৫৯) □ ভূপরিস্থ পানির প্রাপ্যতা এবং ব্যবহারের ওপর বিশেষ গুরুত্ব দিয়ে ভূগর্ভস্থ পানি সহ প্রাকৃতিক সম্পদের দক্ষ ব্যবহার ব্যবস্থাপনা নিশ্চিতকরণ।(পৃষ্ঠা ২৬০) □ ক্ষুদ্র সেচ প্রযুক্তি এবং সেচ কাজে ভূ-উপরিস্থ পানি ব্যবহার সম্প্রসারণ(পৃষ্ঠা ২৬৫) |
| | মুদ্রিত মুদ্রণ সামগ্রী | সংখ্যা | ১০৫০০০ | ১৫২০০০ | ১৬৫০০০ | ১৭০০০০ | ১৭৫০০০ | ডিএই, নার্সভূক্ত বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠান | ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা□ ভূমি, পানি এবং অন্যান্য সম্পদের আরও দক্ষ ও সুষম ব্যবহারের মাধ্যমে টেকসই কৃষি প্রবৃদ্ধি নিশ্চিতকরণ এবং বিদ্যমান সেচ ব্যবস্থা ও সংশ্লিষ্ট অবকাঠামোগত উন্নয়নরে মাধ্যমে ভূগর্ভস্থ পানির ব্যবহার কমিয়ে এনে সেচ কাজে ভূপরিস্থিত পানিরব্যবহারে উৎসাহ প্রদান(পৃষ্ঠা ২৫৯) □ ভূপরিস্থ পানির প্রাপ্যতা এবং ব্যবহারের ওপর বিশেষ গুরুত্ব দিয়ে ভূগর্ভস্থ পানি সহ প্রাকৃতিক সম্পদের দক্ষ ব্যবহার ব্যবস্থাপনা নিশ্চিতকরণ।(পৃষ্ঠা ২৬০) □ ক্ষুদ্র সেচ প্রযুক্তি এবং সেচ কাজে ভূ-উপরিস্থ পানি ব্যবহার সম্প্রসারণ(পৃষ্ঠা ২৬৫) |
| লাগসই প্রচার কার্যক্রমের মাধ্যমে কৃষিতে জনসম্পৃক্ততা বৃদ্ধি | টিভি স্ক্রল | সংখ্যা | ০ | ৫ | ৬ | ৭ | ৮ | ডিএই, নার্সভূক্ত বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠান | ৮মপঞ্চর্বাষকিপরকিল্পনাঃ উৎপাদন ও উৎপাদন শীলতা বৃদ্ধির জন্য বহমাত্রিক সম্প্রসারণ পদ্ধতি অনুসরণ করা হবে। (পৃষ্ঠা ২৬৫) |
| | টিভিসি | সংখ্যা | ০ | ০ | ২ | ৩ | ৪ | ডিএই, নার্সভূক্ত বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠান | ৮মপঞ্চর্বাষকিপরকিল্পনাঃ উৎপাদন ও উৎপাদন শীলতা বৃদ্ধির জন্য বহমাত্রিক সম্প্রসারণ পদ্ধতি অনুসরণ করা হবে। (পৃষ্ঠা ২৬৫) |
| দাপ্তরিক দক্ষতা বৃদ্ধি | সেমিনার/কর্মশালা | সংখ্যা | ০ | ৬ | ৭ | ৮ | ৯ | ডিএই, নার্সভূক্ত বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠান | মন্ত্রণালয়/বিভাগের নিজস্ব নীতি/পরিকল্পনা |

*সাময়িক (provisional) তথ্য

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [১] ফসলের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি | ২৫ | [১.১] কৃষকের নিকট উদ্ভাবিত জাত এবং প্রযুক্তির তথ্য বিস্তার | [১.১.১] প্রকাশিত কৃষিকথা | সমষ্টি | সংখ্যা (লক্ষ) | ৩ | ৭.০৬ | ৬.২০ | ৬.৩০ | ৫.৫০ | | | | ৬.৩৫ | ৬.৪০ |
| | | | [১.১.২] প্রকাশিত সম্প্রসারণ বার্তা | সমষ্টি | সংখ্যা | ৩ | ১৮০০০ | ১৮০০০ | ১৮০০০ | ১৬০০০ | | | | ১৯০০০ | ২০০০০ |
| | | | [১.১.৩] মুদ্রিত মুদ্রণ সামগ্রী (পোস্টার/বুকলেট/লিফলেট/ফোল্ডার | সমষ্টি | সংখ্যা (লক্ষ) | ২ | ২.৪৪৫ | ২.১০ | ২.২০ | ১.৮০ | | | | ২.২৫ | ২.৩০ |
| | | | [১.১.৪] প্রকাশিত কৃষি ডাইরি | সমষ্টি | সংখ্যা | ২ | ৯৫০০ | ৭০০০ | ৭৫০০ | ৬৫০০ | | | | ৮০০০ | ৮৫০০ |
| | | | [১.১.৫] নির্মিত স্পট ফিলার/ডক্যুমেন্টারি | সমষ্টি | সংখ্যা | ২ | ৮ | ১০ | ১০ | ৮ | | | | ১১ | ১২ |
| | | | [১.১.৬] প্রদর্শিত সিনেমা শো | সমষ্টি | সংখ্যা | ২ | ৬৭০ | ৬৭০ | ৬৮০ | ৬০০ | | | | ৭০০ | ৭৫০ |
| | | | [১.১.৭] প্রকাশিত বিজ্ঞাপন | সমষ্টি | সংখ্যা | ২ | ২৮ | ৩৫ | ১৫ | ১২ | | | | ১৮ | ২০ |
| | | [১.২] কৃষি বিষয়ক ই-তথ্য সেবা প্রদান | [১.২.১] কৃষি কল সেন্টারের মাধ্যমে প্রাপ্ত কৃষি তথ্য সেবা গ্রহীতা | সমষ্টি | সংখ্যা | ৩ | ৪০৪৩৮ | ৪০০০০ | ৪০৪০০ | ৩৫০০০ | | | | ৪২০০০ | ৪৫০০০ |
| | | | [১.২.২] AIStube পোর্টালে আপলোডকৃত কৃষি তথ্য বিষয়ক ভিডিও সামগ্রী | সমষ্টি | সংখ্যা | ২ | ২৬ | ১৮ | ২০ | ১৮ | | | | ২০ | ২২ |
| | | [১.৩] খাদ্যমান ও পুষ্টি সচেতনতা/যান্ত্রিকীকরনের মাধ্যমে কৃষি ব্যবস্থার আধুনিকায়ন করণে প্রচারনা | [১.৩.১] মুদ্রণ সামগ্রী (পোস্টার/লিফলেট) | সমষ্টি | সংখ্যা | ২ | | ১০০০০ | ১২০০০ | ১০০০০ | | | | ১৩০০০ | ১৪০০০ |
| | | | [১.৩.২] ভিডিও ডক্যুমেন্টারি | সমষ্টি | সংখ্যা | ২ | | ২ | ২ | ১ | | | | ৩ | ৪ |
| [২] কৃষি ভূসম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ | ২০ | [২.১] জৈবসার/সবুজ সার/ জীবাণু সারের ব্যবহার জনপ্রিয়করণ | [২.১.১] নির্মিত স্পট ফিলার/ডক্যুমেন্টারি | সমষ্টি | সংখ্যা | ৪ | ০ | ২ | ২ | ১ | | | | ৩ | ৪ |
| | | | [২.১.২] মুদ্রিত মুদ্রণ সামগ্রী লিফলেট/ফোল্ডার | সমষ্টি | সংখ্যা | ৪ | ৬৫০০০ | ৫৫০০০ | ৬০০০০ | ৫০০০০ | | | | ৬২০০০ | ৬৫০০০ |
| | | [২.২] আধুনিক প্রযুক্তিতে পাহাড়ী কৃষি | [২.২.১] নির্মিত স্পট ফিলার/ডক্যুমেন্টারি | সমষ্টি | সংখ্যা | ৩ | ২ | ২ | ২ | ১ | | | | ৩ | ৪ |
| | | | [২.২.২] মুদ্রিত মুদ্রণ সামগ্রী লিফলেট/ফোল্ডার | সমষ্টি | সংখ্যা | ৩ | ৪০০০০ | ৪২০০০ | ৪৫০০০ | ৪০০০০ | | | | ৪৭০০০ | ৫০০০০ |
| | | [২.৩] ভূ-উপরিস্থিত পানির ব্যবহার | [২.৩.১] নির্মিত স্পট ফিলার/ডক্যুমেন্টারি | সমষ্টি | সংখ্যা | ৩ | ২ | ২ | ২ | ১ | | | | ৩ | ৪ |

| ...স্পা...নের ...ত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| ...মিডিয়া ...ক প্রচার ...নায় ...তা ...রণ | ১৫ | [৩.১] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে স্মার্ট কৃষি কার্যক্রম উন্নয়নকল্পে প্রচারণা | [৩.১.১] সফটওয়্যার | সমষ্টি | সংখ্যা | ২ | ০ | ০ | ১ | | | | | ২ | ৩ |
| | | [৩.২] কৃষি সংশ্লিষ্ট জাতীয় ও আন্তজার্তিক দিবস উদযাপনে ইভেন্ট ব্যবস্থাপনা | [৩.২.১] মুদ্রিত পোষ্টার/লিফলেট | সমষ্টি | সংখ্যা | ৩ | ৫১১০০ | ৪৫০০০ | ৫০০০০ | ৪০০০০ | | | | ৪২০০০ | ৪৫০০০ |
| | | | [৩.২.২] নির্মিত ব্যানার/ফেস্টুন | সমষ্টি | সংখ্যা | ৩ | ১০১০ | ১০৫০ | ১১০০ | ৯০০ | | | | ১১৫০ | ১২০০ |
| | | | [৩.২.৩] স্থাপিতডেকোরেশন | সমষ্টি | সংখ্যা | ২ | ১২ | ৫ | ৬ | ৪ | | | | ৭ | ৮ |
| | | | [৩.২.৪] টিভি স্ক্রল | সমষ্টি | সংখ্যা | ২ | ০ | ৫ | ৬ | ৪ | | | | ৭ | ৮ |
| | | [৩.৩] কৃষিতে নারীর অংশগ্রহণ উদ্ধুদ্ধকরনে প্রচারণা | [৩.৩.১] নির্মিত স্পট ফিলার/ডক্যুমেন্টারি | সমষ্টি | সংখ্যা | ৩ | ২ | ২ | ২ | ১ | | | | ৩ | ৪ |
| ...কর্ম ...স্থাপনায় ...দায়িত্বের ...ন | ১০ | [৪.১] কর্মকর্তা-কর্মচারিদের দক্ষতাবৃদ্ধি সংক্রান্ত কার্যক্রম | [৪.১.১] বাজেট ব্যবস্থাপনা ও ই-জিপি প্রণয়ন বিষয়ক প্রশিক্ষিত কর্মকর্তা-কর্মচারি | সমষ্টি | সংখ্যা | ২ | ২ | ২ | ২ | ১ | | | | ৩ | ৪ |
| | | | [৪.১.২] ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় আইসিটি সম্পর্কিত প্রশিক্ষিত কর্মকর্তা-কর্মচারি | সমষ্টি | সংখ্যা | ২ | | ২ | ২ | ১ | | | | ৩ | ৪ |
| | | | [৪.১.৩] আয়োজিত প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার | সমষ্টি | সংখ্যা | ২ | | ৬ | ৭ | ৬ | | | | ৮ | ৯ |
| | | [৪.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | [৪.২.১] দ্বিপক্ষীয় সভায় উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরিত | সমষ্টি | সংখ্যা | ২ | ৮০ | ৬০ | ৮০ | ৬০ | | | | ৮০ | ৮০ |
| | | [৪.৩] মানব সম্পদ ব্যবস্থাপনা | [৪.৩.১] কর্মকর্তা/কর্মচারিদের নিয়োগ/পদোন্নতি প্রদানকৃত | সমষ্টি | সংখ্যা | ২ | ৪০ | ৪০ | ৮০ | ৬০ | | | | ৮০ | ৮০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, সচিব, কৃষি মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, কৃষি মন্ত্রণালয় হিসাবে পরিচালক, কৃষি তথ্য সার্ভিস-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ................................................ | ২৫/০৬/২৩<br>................................................ |
| পরিচালক<br>কৃষি তথ্য সার্ভিস | তারিখ |
| ................................................ | ২৫/৬/২৩<br>................................................ |
| সচিব<br>কৃষি মন্ত্রণালয় | তারিখ |